



সন্তোষ ইসলামী বিশ্ববিদ্যালয়
'বর্তমান বিশ্ব পরিস্থিতি ও
বিশ্বশান্তি' শীর্ষক
দিনব্যাপী ওয়ার্কশপ

সন্তোষ ইসলামী বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে 'বর্তমান বিশ্ব পরিস্থিতি ও বিশ্বশান্তি' শীর্ষক এক দিনব্যাপী ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়।

মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. আমিনুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত ওয়ার্কশপে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সাহিত্যিক সৈয়দ আবুল মকসুদ।

শিক্ষা-সমাজকল্যাণ প্রভৃতি ক্ষেত্রে ৪৭ জন ব্যক্তি ওয়ার্কশপে অংশগ্রহণ করেন। প্রধান কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেন ছকমতে রক্বানিয়া আন্দোলনের মহাসচিব সৈয়দ ইরফানুল বারী। মডারেটর ছিলেন খান মোহাম্মদ খালেদ এবং মীর্জা আবদুল মোমেন।

সৈয়দ আবুল মকসুদ বলেন, নারী-পুরুষ, দল-মত নির্বিশেষে পৃথিবীর প্রতিটি এলাকার সকল মানুষকেই শান্তির সপক্ষে এবং অশান্তির বিরুদ্ধে সোচ্চার হতে হবে। দরিদ্র বিশ্বের সাধারণ মানুষেরই শান্তির প্রয়োজন আজ সবচেয়ে বেশি। তাই এক্ষেত্রে তাদের ভূমিকা পালন করতে হবে। খবর বিজ্ঞপ্তি।